# জিআরই ও টোফেলের প্রস্তুতির কিছু অ্যাপ

আনোয়ার হোসেন

আন্তর্জাতিক ছাত্র হিসেবে যারা বিদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে মাস্টার্স বা পিএইচডি প্রোগ্রামে ভর্তি হতে চান, তাদের প্রথম এবং প্রয়োজনীয় পদক্ষেপ হচ্ছে জিআরই (গ্র্যাজুয়েট রেকর্ডস এক্সাম) এবং টিওইএফএলের (বিদেশি ভাষা হিসেবে ইংরেজি পরীক্ষা) মতো পরীক্ষাগুলোতে ভালো স্কোর অর্জন করা। বিশেষ করে মার্কিন যুক্তরাষ্ট্র এবং কানাডার মতো দেশে পড়াশোনার জন্য যাওয়ার অন্যতম শর্ত হচ্ছে এসব পরীক্ষায় অংশ নেয়া। যেসব দেশে মাতৃভাষা ইংরেজি, তাদের জন্য এসব পরীক্ষা খুব একটা কঠিন না হলেও অন্য শিক্ষার্থীদের জন্য বিশেষ করে অ-ইংরেজি ভাষী দেশ থেকে বেশ কঠিন মনে হতে পারে। এই পরীক্ষা বিদেশে অধ্যয়ন করা ও বসবাসের জন্য আবশ্যক। তাই বলা যেতে পারে, আপনার স্বপ্নের প্রবেশদ্বার এই পরীক্ষাগুলো। এখন আসা যাক মূল বিষয়ে। জিআরই বা টোফেল যাই হোক, উভয় ক্ষেত্রেই ভালো প্রস্তুতির কোনো বিকল্প নেই। আধুনিক তথ্যপ্রযুক্তির এই যুগে প্রস্তুতি নেয়া এখন অনেক সহজ। চাইলেই তা সম্ভব। আর স্মার্টফোনের এই সময়ে ফোন ব্যবহার করেও ভালো প্রস্তুতি নেয়া যেতে পারে। আজকাল অনেক সহজ এবং খুব সহায়ক সব অ্যাপ্লিকেশন ইনস্টল এবং ব্যবহার করে এসব পরীক্ষার জন্য ভালো প্রস্তুতি নিতে পারেন। এই অ্যাপ্লিকেশনগুলো ভালো স্কোর অর্জন করতে সহায়ক ভূমিকা রাখবে। কেননা, দিনের সব সময় বই-খাতা সাথে নিয়ে বের হওয়া সম্ভব নাও হতে পারে। আসলে ডিজিটাল এই সময়ে তার দরকারও নেই। কেননা, স্মার্টফোন হাতে নিয়ে হাঁটতে হাঁটতে বা অন্য কোনো সময় যেমন বাসে, ট্রেনে বা কোথাও অলস সময় কাটানোর সময় অ্যাপ ব্যবহার করেই আমরা অধ্যয়ন করতে পারি।

সাধারণত অলস সময়ে আমরা আজকাল মোবাইলে গেম খেলে বা সোশ্যাল মিডিয়ায় সময় কাটাই। এখন থেকে ওইসব সহজ লার্নিং অ্যাপ্লিকেশনগুলোর সাথে সময় কাটাতে পারেন। নিরর্থক গেম বা ভিডিওগুলোতে অযথা সময় নষ্ট না করে সুবিধামতো সময়ে কোয়ান্টিটেটিভ বিভাগের জন্য নতুন কোনো ম্যাথ বা ভার্বালের জন্য নতুন শব্দ বা অনুশীলন শিখতে পারেন। এই অ্যাপ্লিকেশনগুলো জিআরই ও টোফেলের জন্য প্রস্তুতি ভালো করতে বিভিন্ন উদ্ভাবনী পদ্ধতি ব্যবহার করেছে। আপনি যদি বিশ্বের সেরা বিশ্ববিদ্যালয়ে পড়ার স্বপ্ন দেখেন, তবে এসব সেরা অ্যাপ্লিকেশনগুলো ব্যবহার করে প্রস্তুতি সেরে নিতে পারেন।

## রেডি ফর জিআরই

যাদের স্বপ্ন স্নাতক বা উচ্চতর ডিগ্রি অর্জন করতে বিদেশের কোনো বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা করার, তাদের জিআরই প্রস্তুতির জন্য সহায়ক হতে পারে রেডি ফর জিআরই নামের এই অ্যাপটি। এর মাধ্যমে পরীক্ষার্থী তার নিজের সম্পর্কে ধারণা লাভ করতে পারবে। এই ধারণা থাকা খুব গুরুত্বপূর্ণ। কেননা, এর মাধ্যমে কতটুকু প্রস্তুতির নিতে হবে, তা বোঝা যাবে। অ্যাপটি প্যাটেন্ট, এমআইটি-উন্নত অ্যাডাপ্টিভ অ্যালগরিদম ব্যবহার করে ব্যবহারকারীর জিআরই স্কোরটি সঠিকভাবে অনুমান করে। আর এরপর ওই স্কোর নিয়ে নিজের সম্পর্কে দ্রুত গভীরতা মূল্যায়ন করে নিতে পারেন। মূল্যায়ন শেষে নিজের দুর্বলতার জায়গাগুলোতে শক্তিশালী করার জন্য কাজ করে যেতে হবে। যেখানে একটি কাস্টমাইজড ধাপে ধাপে শেখার পথ আছে। অ্যাপটির বিশেষজ্ঞ-পরিকল্পিত লার্নিং সিস্টেম ব্যবহারকারীর স্কোর আগের চেয়ে ভালো করার জন্য প্রয়োজনীয় ক্ষেত্রগুলোতে ফোকাস করতে সহায়তা করে।

অ্যাপ্লিকেশনটিতে ব্যবহারকারীরা অগ্রগতির সাথে আপডেট রেখে তাদের জিআরই স্কোরটি সঠিকভাবে অনুমান করার জন্য একটি বিস্তৃত মূল্যায়ন করতে পারেন। এতে আছে পাঠ্য এবং অডিওসহ নানা পরিকল্পিত পাঠ– যেমন সমস্যার সমাধান, পরিমাণগত তুলনা, ডাটা ব্যাখ্যা, বাক্য সমতা। শুধু তাই নয়, আছে অফিসিয়াল জিআরই-এর উপাদানের ওপর ভিত্তি করে শীর্ষ মানের কনটেন্ট, কোয়ান্ট এবং মৌখিক পরীক্ষার জন্য টাইম-সংরক্ষণ (এবং চাপ কমানো!) কৌশল।

## জিআরই প্রেপ অ্যান্ড প্র্যাকটিস বাই ম্যাগুস

এটি একটি আদর্শ জিআরই স্কোরের জন্য দুর্দান্ত প্যাকেজ। কেননা, ভালো স্কোরের জন্য দরকারী প্রায় সব কিছুরই সমাহার ঘটেছে এই অ্যাপটিতে। এতে আছে বিস্তারিত ভিডিও লেকচার এবং টেস্ট। ভালো প্রস্তুতির জন্য একাধিক টেস্ট দেয়ার কোনো বিকল্প নেই, যা পাওয়া যাবে এই অ্যাপটিতে। এই অ্যাপটি যারা জিআরই পরীক্ষায় গুরুত্বের সাথে নিয়েছেন, তাদের জন্য খুবই উপকারী। কেননা, এতে ব্যয় করা সময়ের সঠিক মূল্য ফেরত পাওয়া যাবে। অ্যাপে যেসব ভিডিও লেকচার আছে, সেগুলো তৈরি করেছেন নিজ নিজ বিষয়ের বিশেষজ্ঞ শিক্ষকেরা। ডাউনলোড করার মাধ্যমে ফুল লেংথ টেস্ট ও ভিডিও লেকচারগুলোর অ্যাক্সেস পাওয়া যাবে। সাথে রয়েছে ভিডিওগুলোতে থাকা বিষয়ের ওপর বিস্তারিত ব্যাখ্যা। আর রয়েছে সাত শতাধিক ভালো মানের প্রশ্নের সমাহার।

**অ্যাপটির উল্লেখযোগ্য ফিচার নিম্নরূপ–**

০১. ভার্বাল ও ম্যাথের প্রাকটিস প্রশ্ন।
০২. রিভিউ টেক্সট ও ভিডিও ব্যাখ্যা।
০৩. ৪০টি জিআরই স্যাম্পল প্রশ্ন।
০৪. প্রিমিয়াম ভার্সনের জন্য আছে ১ হাজারের বেশি জিআরই প্র্যাকটিস প্রশ্ন।

## ব্যারনস ১১০০ ফর জিআরই

ব্যারনস ১১০০ অ্যাপটি জিআরই এবং টোফেল উভয় পরীক্ষার জন্য বার বার আসা শব্দগুলোর একটি ডিরেক্টরি হিসেবে ব্যবহার করা যাবে। ভোকাবুলারি বাড়ানো যেহেতু দীর্ঘমেয়াদি একটি কাজ, তাই সর্বদাই শব্দভাণ্ডার সমৃদ্ধ করতে কাজ করে যেতে হবে। এক্ষেত্রে এই অ্যাপটি সাহায্য করবে। পথে চলতে গিয়ে বা অলস সময়ে অ্যাপটি ব্যবহার করে শব্দ শেখা যাবে। এর মাধ্যমে শব্দ অনুশীলন চালিয়ে গেলে ভোকাবুলারি বাড়াতে উন্নতি লক্ষ করা যাবে। অ্যাপটির কিছু বৈশিষ্ট্যের মধ্যে আছে শব্দের বর্ণানুক্রমিক নির্বাচন, শাফেল শব্দ, ফ্ল্যাশকার্ড, ক্যুইজ, শব্দ ফিল্টারিং, শেখার ট্র্যাকিং, বিশ্লেষণ ইত্যাদি। এটি একটি ছোট অ্যাপ্লিকেশন এবং এটির ইউজার ইন্টারফেসও সহজ।

## ম্যানহাটন প্রেপ জিআরই

জিআরই প্রস্তুতির জন্য আরো একটি নির্ভরযোগ্য নাম ম্যানহাটন। এদের উপস্থিতি আছে অনলাইন এবং অফলাইন দুই জায়গায়ই। অর্থাৎ জিআরই বইয়ের জন্য ম্যানহাটনের সুনাম রয়েছে। বইয়ের পাশাপাশি অনলাইনেও তাদের রয়েছে শক্তিশালী অবস্থান। অ্যাপটিতে যেসব ফিচার আছে, তাদের অন্যতম হচ্ছে ১ হাজারের বেশি অনুশীলন প্রশ্ন, ক্যুইজ, কাস্টম অ্যালার্ট এবং কনসেপ্ট বিল্ডিং। অ্যাপটির ট্যাগলাইন ও উৎসাহব্যঞ্জক ‘সর্বনিম্ন সময়ের মধ্যে সর্বাধিক শিক্ষা’। আর এই স্লোগান অ্যাপটির ক্ষেত্রে সঠিক। অ্যাপটির অন্যতম সেরা অংশ হলো এটি কোয়ান্টস ও ভার্বাল দুই সেকশনই কভার করে কজ

*ফিডব্যাক :*
*hossain.anower099 @gmail.com*